



বাংলাদেশ ফুটবল ফেডারেশন

BANGLADESH FOOTBALL FEDERATION

‘শেখ কামাল ইন্টারন্যাশনাল ক্লাব কাপ চ্যাম্পিয়নশীপ’ এর খরচ বাফুফে অডিট রিপোর্টে আসা প্রসঙ্গে

দেশ ও বিদেশী স্বনামধন্য ক্লাবসমূহের অংশগ্রহণে ২০১৫, ২০১৭ ও ২০১৯ সালে ‘শেখ কামাল ইন্টারন্যাশনাল ক্লাব কাপ চ্যাম্পিয়নশীপ’ টুর্নামেন্ট বাংলাদেশে অনুষ্ঠিত হয়। উক্ত টুর্নামেন্টে প্রধান পৃষ্ঠপোষক ও আয়োজক ছিল সাইফ পাওয়ারটেক লিঃ। প্রতিযোগিতার খেলা পরিচালনা ও লজিস্টিক সাপোর্ট বাংলাদেশ ফুটবল ফেডারেশন প্রদান করেছে। ‘শেখ কামাল ইন্টারন্যাশনাল ক্লাব কাপ চ্যাম্পিয়নশীপ’ এর খরচের কিছু অংশ বাফুফে তার অডিট রিপোর্টে অন্তর্ভুক্ত করেছে মর্মে গত ২০-০৪-২০২৩ তারিখ গণমাধ্যমে একটি সংবাদ প্রচারিত হয়েছে। উক্ত প্রচারিত সংবাদ সম্পর্কে বাফুফে’র বক্তব্য নিম্নরূপঃ

- ১। ‘শেখ কামাল ইন্টারন্যাশনাল ক্লাব কাপ চ্যাম্পিয়নশীপ ২০১৫’ এর জন্য প্রাইজমানি বাবদ পৃষ্ঠপোষক প্রতিষ্ঠান সাইফ পাওয়ারটেক লিঃ বিগত ২৪-০৯-২০১৭ তারিখ অগ্রণী ব্যাংকের মাধ্যমে বাফুফে ব্যাংক হিসেবে ৮ লক্ষ ২৫ হাজার টাকা প্রদান করে। উক্ত প্রাইজমানির অর্থ বাফুফে ‘শেখ কামাল ইন্টারন্যাশনাল ক্লাব কাপ চ্যাম্পিয়নশীপ ২০১৫’ এ চ্যাম্পিয়ন ও রানার্স-আপ দলকে প্রদান করে। যেহেতু বাফুফে ব্যাংক হিসাবে উক্ত প্রাইজমানির অর্থ ২০১৭ সালে ক্রেডিট ও ডেবিট হয়েছে সেহেতু উক্ত অর্থ বাফুফে’র ২০১৭ সালের অডিট রিপোর্টে অন্তর্ভুক্ত করা হয়েছে।
- ২। ‘শেখ কামাল ইন্টারন্যাশনাল ক্লাব কাপ চ্যাম্পিয়নশীপ ২০১৭’ এর জন্য প্রাইজমানি বাবদ পৃষ্ঠপোষক প্রতিষ্ঠান সাইফ পাওয়ারটেক লিঃ বিগত ১৯-০৭-২০১৮ তারিখ অগ্রণী ব্যাংকের মাধ্যমে বাফুফে ব্যাংক হিসেবে ২৫ লক্ষ ২০ হাজার টাকা প্রদান করে। উক্ত প্রাইজমানির অর্থ বাফুফে ‘শেখ কামাল ইন্টারন্যাশনাল ক্লাব কাপ চ্যাম্পিয়নশীপ ২০১৭’ এ চ্যাম্পিয়ন ও রানার্স-আপ দলকে প্রদান করে। যেহেতু বাফুফে ব্যাংক হিসাবে উক্ত প্রাইজমানির অর্থ ২০১৮ সালে ক্রেডিট ও ডেবিট হয়েছে সেহেতু উক্ত অর্থ বাফুফে’র ২০১৮ সালের অডিট রিপোর্টে অন্তর্ভুক্ত করা হয়েছে।
- ৩। ‘শেখ কামাল ইন্টারন্যাশনাল ক্লাব কাপ চ্যাম্পিয়নশীপ ২০১৯’ এর জন্য প্রাইজমানি বাবদ পৃষ্ঠপোষক প্রতিষ্ঠান সাইফ পাওয়ারটেক লিঃ বিগত ০৫-০৭-২০২০ তারিখ প্রিমিয়ার ব্যাংকের মাধ্যমে বাফুফে ব্যাংক হিসেবে ৪৩ লক্ষ টাকা প্রদান করে। উক্ত প্রাইজমানির অর্থ বাফুফে ‘শেখ কামাল ইন্টারন্যাশনাল ক্লাব কাপ চ্যাম্পিয়নশীপ ২০১৯’ এ চ্যাম্পিয়ন ও রানার্স-আপ দলকে প্রদান করে। যেহেতু বাফুফে ব্যাংক হিসাবে উক্ত প্রাইজমানির অর্থ ২০২০ সালে ক্রেডিট ও ডেবিট হয়েছে সেহেতু উক্ত অর্থ বাফুফে’র ২০২০ সালের অডিট রিপোর্টে অন্তর্ভুক্ত করা হয়েছে।

বর্ণিত তথ্য প্রচারের মাধ্যমে দেশের খেলাধুলার বৃহত্তর সংশ্লিষ্ট সকলকে বাফুফেকে সহযোগিতা করার জন্য অনুরোধ জানানো যাচ্ছে।

খালিদ মাহমুদ নওমী

মিডিয়া এক্সিকিউটিভ

বাংলাদেশ ফুটবল ফেডারেশন।